গাংনীতে বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

বাংলা নববর্ষ ১৪৩২ উদযাপন উপলক্ষে গাংনীতে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ এপ্রিল) বিকেলে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কার্যালয়ের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার সামসুল আলম সোনা, গাংনী থানার সেকেন্ড অফিসার উপপরিদর্শক (এসআই) আব্দুল গাফফার এবং গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা।

সভায় আরও উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন, উপজেলা প্রকৌশলী ফয়সাল আহমেদ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআও) মুনসুর আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হোসনে মোবারক, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোত্তালেব আলী, জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান কল্লোল, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, যুব উন্নয়ন কর্মকর্তা আসাদুজ্জামান, বাঁশবাড়িয়া টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলিমুজ্জামান, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি জুলফিকার আলী কানন, গাংনী পাইলট স্কুল অ্যান্ড কলেজের সহকারী প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান বাবলু, গাংনী পৌর বিএনপির ২ নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মোজাহিদুল ইসলাম এবং গাংনী ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক আতর আলী।

এছাড়াও সভায় প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান, জনপ্রতিনিধি, সাংস্কৃতিক কর্মী, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দসহ গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় গাংনীতে বাংলা নববর্ষ ১৪৩২ উদযাপনকে ঘিরে আড়ম্বরপূর্ণ আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হয়।

মেহেরপুরে “স্বাধীনতার গুরুত্ব ও তাৎপর্য” শীর্ষক আলোচনা সভা

মেহেরপুরে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে “স্বাধীনতার গুরুত্ব ও তাৎপর্য” শীর্ষক আলোচনা সভা, কোরআন খতম ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৬ মার্চ) সকাল ১০টার দিকে মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়ে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ তরিকুল ইসলাম।
ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ. জে. এম. সিরাজুম মুনীরের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার মোঃ তাওহিদুল ইসলাম। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুপারভাইজার আমানুল্লাহ, ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেইনার আব্দুল হামিদ এবং জেলা শিক্ষক সমিতির সভাপতি হাফেজ মাওলানা আব্দুল হাশেম।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন মেহেরপুর চাঁদবিল কেন্দ্রীয় জামে মসজিদের ইমাম মাওলানা মোঃ আব্দুল বারী।

গণহত্যা দিবসে মেহেরপুর সরকারি মহিলা কলেজে আলোচনা সভা

একটি অসাম্প্রদায়িক, বৈষম্যহীন ও মানবিক বাংলাদেশ গড়ার জন্য ত্রিশ লাখ বাঙালি আত্মোৎসর্গ করেছেন। মহান মুক্তিযুদ্ধে আমার বাবা, স্কুলশিক্ষক এমলাক হোসেন, পাকিস্তানি হানাদার বাহিনীর

বুলেটে শহীদ হন। আমরা তাঁর লাশটিও খুঁজে পাইনি।

গণহত্যা দিবস উপলক্ষে মঙ্গলবার মেহেরপুর সরকারি মহিলা কলেজের শিক্ষক মিলনায়তনে আয়োজিত আলোচনা সভায় এসব কথা বলেন বীর মুক্তিযোদ্ধা ও শহীদ সন্তান, চারুশিল্পী গোলাম মোস্তফা। অনুষ্ঠানে তাঁকে ক্রেস্ট ও ফুল দিয়ে সম্মাননা জানানো হয়।

কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবদুল্লাহ আল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরও বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম, সহযোগী অধ্যাপক মিরাজ উদ্দিন, প্রভাষক রূপালী বিশ্বাস প্রমুখ।

সভা শেষে দেশ ও জাতির কল্যাণ এবং শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত পরিচালনা করেন সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম।

মেহেরপুরে জনসচেতন মূলক আলোচনা সভা

“দক্ষ যুব গরবে দেশ বৈষম্যহীন বাংলাদেশ” এই প্রতিপাদ্যে মেহেরপুরে শান্তি শৃঙ্খলা উন্নয়নে এবং সামাজিক সচেতনতায় যুবকদের ভূমিকা শীর্ষক জনসচেতন মূলক আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার (১৩ মার্চ) সকাল দশটার দিকে যুব উন্নয়নের আয়োজনে টিটিসির সম্মেলন কক্ষে এই জনসচেতন মূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক এস এম ওবায়দুল বাসারে সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মাকসুদ আকতার খানম।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক তরিকুল ইসলাম ও মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার।

যুব উন্নয়নের ইলেকট্রিক্যাল এন্ড হাউজারিং প্রশিক্ষক আমিনুল ইসলাম সাগরের সঞ্চালনায় এছাড়াও এসময় সিনিয়র প্রশিক্ষক মাহমুদা খাতুন, জেলা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক ইমতিয়াজ আহমেদ, গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আশাদুরজামান ও মুজিবনগর উপজেলা যুব উন্নয়ন রাকিবউদ্দিন, মৎস্য প্রশিক্ষণ কর্মকর্তা মতিউর রহমানসহ জেলা যুব উন্নয়নের বিভিন্ন কর্মকর্তা- কর্মচারী এবং ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।

দর্শনার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন মৎস্যজীবী দলের পরিচিত সভা

দর্শনার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন মৎস্যজীবী দলের পরিচিত সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকাল ৪ টার দিকে দর্শনার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন মৎস্যজীবী দলের আয়োজনে ইউনিয়নের পারকৃষ্ণপুর বাজারে পরিচিত সভা অনুষ্ঠিত হয়েছে।

দর্শনা পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন বিএনপির সভাপতি শফিউল্লাহর সভাপতিত্বে পরিচিত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন চুয়াডাঙ্গা জেলা মৎস্যজীবী দলের আহব্বায়ক কামরুজ্জামান বাবলু, অনুষ্টানে উদ্বোধক হিসাবে উপস্থিত থেকে উদ্বোধন করেন, দর্শনা থানা বিএনপির সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা মৎস্যজীবী দলের সদস্য ইকরামুল হক, দর্শনা থানা কৃষকদলের আহব্বায়ক আশরাফুল হক (বিল্লব), দর্শনা থানা সেচ্ছাসেবক দলের যুগ্ন-আহব্বায়ক আশাবুল হক আনার।

দর্শনা থানা কৃষকদলের যুগ্ন-আহব্বায়ক আনোয়ার হোসেনের সঞ্চালনায় এ পরিচিত সভায় উপস্থিত ছিলেন, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন মৎস্যজীবী দলের নবগঠিত কমিটির সভাপতি আওলাদ হোসেনকে, সাধারন সম্পাদক জয়নাল

আবেদীন, সহ-সভাপতি হামিদুর রহমান ওরফে হাসেম আলী, বাবুল হালসানা, জহিরুল ইসলাম খোকন, নুর বক্স, যুগ্ন-সাধারন সম্পাদক মোস্তাফিজুর রহমান মামুন, শফিকুল ইসলাম শফি, হযরত আলী, সাংগঠনিক সম্পাদক শাহিন আলম, যুগ্ন-সাংগঠনিক সম্পাদক শ্রী মদন হালদার, বাবলুর রহমান বাবু, প্রচার সম্পাদক ইব্রাহীম, দপ্তর সম্পাদক মামুন, ক্রিড়া বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম, অর্থ সম্পাদক (কোষাধ্যক্ষ) বাবু মোল্লা, সদস্য আব্দুল মান্নান, রফিকুল ইসলাম, সিদ্দিক আলী, রবিউল ইসলাম ও ভবেশ হালদার।

এছাড়া আরো উপস্থিত ছিলেন, পারকৃষ্ণপুর- মদনা ইউনিয়ন যুবদল, ছাত্রদল, কৃষকদল, মৎসীজীবী দল সহ বিএনপি বিভিন্ন অঙ্গসংগঠনের নের্তৃবৃন্দ।

কোটচাঁদপুরে বাংলাদেশ কেমিষ্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সভা

বাংলাদেশ কেমিষ্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির কোটচাঁদপুর শাখার সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুরে স্থানীয় পৌর পাঠাগারে এ সভা করা হয়।

সভায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর কেমিষ্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সভাপতি বরকত আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলার ড্রাগ সুপার সিরাজুম মনিরা। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ ড্রাগিষ্ট এন্ড কেমিস্ট সমিতির পরিচালক ও ঝিনাইদহ জেলা কমিটি সভাপতি আখতারুজ্জামান।

এ ছাড়া উপস্থিত ছিলেন, জেলার ড্রাগিষ্ট এন্ড কেমিস্ট কমিটির সিনিয়র সভাপতি হান্নান মিয়া, কোটচাঁদপুর ড্রাগিষ্ট এন্ড কেমিস্ট সমিতির সিনিয়র সহসভাপতি হুমায়ুন সরদার, সিনিয়র সহ-সভাপতি হাসানুজ্জামান ডাবলু,সাবেক সভাপতি সোহরাব হোসেন, সাবেক সিনিয়র সভাপতি হাসানুজ্জামান (হাসান)।

এ সময় ঔষধের এমআরপি ও মেয়াদোত্তীর্ন ঔষধ নিয়ে আলোচনা হয় সভায়।

ঝিনাইদহে কেন্দ্রীয় সমবায় ব্যাংক’র সাধারণ সভা

কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড ঝিনাইদহ-এর ৫৪ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৬ ফেব্রুয়ারি) সকালে ঝিনাইদহ শহরের সমবায় ব্যাংক চত্বরের বার্ষিক সাধারণ সভা ঝিনাইদহ জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মোঃ জাহিদুজ্জামান মনা’র সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা বিএনপি’র সহ-সভাপতি ও ঝিনাইদহ জেলা দোকান মালিক সমিতির সভাপতি মোঃ আনোয়ারুল ইসলাম বাদশা, কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ ঝিনাইদহের নির্বাহী কর্মকর্তা মোঃ ফারুক মিয়া, কোটচাঁদপুর উপজেলা সমবায় অফিসার মজিবর রহমান, শৈলকুপা উপজেলা সমবায় অফিসার মজিবর রহমান, কালীগঞ্জ উপজেলা সমবায় অফিসার শ.ম. রাশেদুল আলম, সদর উপজেলা সমবায় অফিসার শামিমা নাছরিন, কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ ঝিনাইদহের সহ-সভাপতি আঃ গফুর, সদস্য আজিজুর রহমান তিতু, ব্যাংক সদস্য সৈয়দ শফিউল ইসলাম, সমবায় ব্যাংকের এসিস্ট্যান্ট অফিসার মো জাহিদুর রহমান জিহাদ সহ অন্যান্যরা।

পরে উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে ৯ সদস্য বিশিষ্ট কমিটিতে মোঃ জাহিদুজ্জামান মনা সভাপতি ও মোঃ আনোয়ারুল ইসলাম বাদশাকে নির্বাহী সদস্য নির্বাচিত করেন।

মেহেরপুরের আমঝুপিতে লিংকেজ

শেয়ারিং সভা

প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ও সরকারি সেবার সাথে সংযোগ স্থাপনের লক্ষ্যে মেহেরপুরের আমঝুপিতে লিংকেজ শেয়ারিং সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৫ ফেব্রুয়ারি) সকাল ১০টায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর আয়োজনে এবং এএলআরডি’র সহযোগিতায় মউকের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা উপসহকারী কৃষি কর্মকর্তা এস.এম আবু সালেহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মউকের সালিশ প্রোগ্রামের প্রোগ্রাম অফিসার মোঃ গোলাম আম্বিয়া।

সভায় বক্তারা সরকারি সেবা প্রাপ্তির ক্ষেত্রে নারীদের বঞ্চিত হওয়ার বিষয়টি তুলে ধরেন। মোছাঃ তাসলিমা খাতুন, সাবিত্রী দাস ও মোছাঃ সাহেরা খাতুনসহ উপস্থিত অনেকে তাদের অভিজ্ঞতা ভাগ করেন। এছাড়া গ্রামীণ পর্যায়ে প্রান্তিক নারীদের উৎপাদনমুখী উন্নয়নের বিষয়ে আলোচনা হয়।

সভায় আমঝুপি ও বারাদী ইউনিয়নের ৩২ জন প্রান্তিক কৃষক অংশ নেন। সভার সঞ্চালনা করেন জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেন।

জলাশয়ের ইজারা যেন মৎস্যজীবী ছাড়া কেউ না পায়: ফরিদা আখতার

জলাশয়ের ইজারা যেন মৎস্যজীবী ছাড়া কেউ না পায়, সেদিকে খেয়াল রাখতে হবে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার।

তিনি বলেন, “জলাশয়ের ইজারা যেন শুধুমাত্র মৎস্যজীবীরাই পান, সেটি পর্যালোচনার মধ্যে রয়েছে। এ বিষয়ে সম্প্রতি ভূমি ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মধ্যে আন্তঃমন্ত্রণালয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে।”

এ সময় তিনি মুনাফার আশায় মাছ ও গবাদিপশুকে অস্বাস্থ্যকর খাবার ও ওষুধ ব্যবহার না করার আহ্বান জানান।

বুধবার (১৯ ফেব্রুয়ারি) সকালে কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ খামারিদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

ফরিদা আখতার আরও বলেন, “দখল ও দূষণের কারণে সারাদেশে হাওর-বাওড়সহ অন্যান্য জলাশয় নষ্ট হয়ে যাচ্ছে। এতে মৎস্য উৎপাদন হ্রাস পাচ্ছে এবং মৎস্যজীবীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন।”

তিনি আরও বলেন, “মানুষের যেমন নিরাপদ খাদ্যের প্রয়োজন, তেমনই পশুখাদ্যের নিরাপত্তাও জরুরি। এ বিষয়ে সংশ্লিষ্টদের কার্যকরী ভূমিকা রাখতে হবে।”

মতবিনিময় সভায় কুষ্টিয়ার পুলিশ সুপার মিজানুর রহমান, কুষ্টিয়ার অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোহা. আব্দুল ওয়াদুদসহ জেলা প্রশাসনের কর্মকর্তা, বিভিন্ন পর্যায়ের খামারি ও সংবাদকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে দ্বি-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

মেহেরপুর উপজেলা পর্যায়ে গ্রাম আদালত কার্যক্রমের অগ্রগতির বিষয়ে হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর ইউপি প্রশাসনিক কর্মকর্তাদের সাথে দ্বি-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১৭ ফেব্রুয়ারি) সকাল দশটার দিকে মেহেরপুর সদর উপজেলা কার্যালয় কনফারেন্স রুমে সমন্বয় সভা আয়োজন করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলামের সভাপতিত্বে সময় উপস্থিত ছিলেন মেহেরপুর ডিস্ট্রিক্ট ম্যানেজার মোঃ আসাদুজ্জামান, সদর উপজেলা সমন্বয়কারী মোঃ আলমগীর কবির, গ্রাম আদালত প্রকল্প প্রোগ্রাম এন্ড ফাইনান্স অফিসার মোঃ সাহাজুল ইসলাম, মোহাম্মদ আজিম উদ্দিন, ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা, বারাদি ও সদর উপজেলার প্রতিটি ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর প্রমূখ।

এ সময় তারা বলেন, হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটররা তাদের নিজেদের দক্ষতা বৃদ্ধি করবে এবং সাধারণ মানুষদের গ্রাম আদালতের সেবা নিশ্চিত করতে তাদের সহযোগিতা করবে। বিভিন্ন গ্রাম পরিদর্শন করবে এবং গ্রাম আদালতের প্রচার বৃদ্ধি করবে। দাম আদালতের আবেদন গ্রহণ করবে,সরকার গ্রাম আদালতের বিশাল ক্ষমতা দিয়েছে তার যথাযথ প্রয়োগ করতে হবে। প্রতিটা ইউনিয়ন পরিষদের গ্রাম আদালতের ব্যানার থাকতে হবে যেখানে বিচার সেবা চলে।

ইউনিয়ন পরিষদে গ্রাম আদালতের আইন বিষয়ে সাইন বোড থাকতে হবে। আপনাদের মাঝে নিবন্ধন এবং গ্রাম আদালতের মামলা সংখ্যা বৃদ্ধি নিয়ে প্রতিযোগিতা থাকতে হবে এবং প্রতিমাসে অবস্থান ভিত্তিক তথ্য দিতে হবে। গ্রাম আদালতে সহজে অল্প সময়ে বিরোধ নিস্পত্তি করা হয়, এখানে মানুষ হয়রানি হয় না মানুষের মাঝে সুসম্পর্ক তৈরি হয়।